মুজিবনগরে গলায় ফাঁস দিয়ে এসএসসি পরীক্ষার্থীর আত্মহত্যা

নিজ ঘরের আড়ার সাথে ওড়না পেচানো স্কুল ছাত্রী মিম খাতুনের (১৬) মরদেহ ঝুলছিল।
মিম খাতুন মুজিবনগর উপজেলার গোপালনগর দক্ষিণপাড়া এলাকার মিজারুল ইসলামের মেয়ে। সে এবার গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের থেকে এসএসসি পরিক্ষা দেয়ার কথা।
মঙ্গলবার (২৮ জুন) বিকেল সাড়ে ৫ টার দিকে এই আত্মহত্যার ঘটনা ঘটে।
পারিবারিক সূত্রের বরাত দিয়ে মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, মিম খাতুন স্কুলের এক শিক্ষকের কাছে প্রাইভেট পড়ে বাড়ি এসে ঘরে শুয়ে পড়ে। এসময় তার মা ভৈরব নদে গোসল করতে গিয়েছিল। গোসল শেষে বাড়ি ফিরে মেয়ের ঘর বন্ধ পান। দীর্ঘক্ষণ ডাকাডাকি করে তার সাড়া মেলেনি। পরে হাসুয়া দিয়ে ঘরের সিটকিনি খুলে ঘরে ঢুকে ঝুলন্ত মরদেহ দেখতে পান। এসময় মায়ের চিৎকারে প্রতিবেশীরা এসে মীমকে ঝুলন্ত অবস্থা থেকে নামান। কি কারনে মিম আত্মহত্যা করেছে বুঝতে পারছেনা তার পরিবার।
মুজিবনগর থানা ইনচার্জ মেহেদী রাসেল জানান, খবর পেয়ে থানা পুলিশ লাশ হেফাজতে নেন। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে প্রতিয়মান হয়। এছাড়া পরিবারের অভিযোগ না থাকায় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলে লাশ পরিবারের হেফাজতে দেওয়া হয়েছে।

মুজিবনগরে ৩ দিন ব্যাপি জাতীয় ফল মেলার উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে জাতীয় ফল মেলা ২০২২ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি অফিসের আয়োজনে, উপজেলা কৃষি অফিসের হলরুমে উদ্বোধন অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সহকারী কৃষি অফিসার আনিসুর রহমানের সঞ্চালনায় এবং মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান এর সভাপতিত্বে

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, শ্রমিক লীগের সভাপতি ও ওয়ার্ড সদস্য আবুল কালাম আজাদ, উপজেলা আওয়ামী যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার মিজানুর রহমান সহ মেলায় অংশগ্রহণকারী কৃষক এবং সুধীজন।

ফল মেলায় গ্রীষ্মকালীন বিভিন্ন রকমের দেশীয় ফলের প্রদর্শনী করা হয়েছে। মেলাটি আগামী বৃহস্পতিবার এ শেষ হবে।

মাদক নিয়ন্ত্রণে সামাজিক আন্দোলনের কোনো বিকল্প নেই

মাদক নিয়ন্ত্রণে সামাজিক আন্দোলনের কোনো বিকল্প নেই। তাই সব শ্রেনী প্রেশার মানুষের সমন্বয়ে এক সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

মাদকদ্রব্যের অপব্যবহার রোধে মঙ্গলবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে সমন্বিত পরিকল্পনা প্রণয়নের লক্ষে এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম।

কর্মশালায় বক্তব্য অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শিরিন আক্তার, ইন্সপেক্টর শাহীন রেজা, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, ইমাম জুবায়ের হোসেন

প্রমূখ।

দিনব্যাপী কর্মশালায় বিভিন্ন সরকারি কর্মকর্তা রাজনৈতিক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

মুজিবনগরের দারিয়াপুরে প্রধানমন্ত্রীর দেওয়া চাল বিতরণ

মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের ১০০ জন অসহায় দুস্থদের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া উপহার চাল বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টার দিকে দারিয়াপুর ইউনিয়ন পরিষদে এ চাউল বিতরণ করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ এস এম মাহবুবুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত চাউল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল।

এ সময় জেলা পরিষদের প্রধান নিবার্হী কর্মকর্তা মীর আলীফ রেজা শাহিনসহ ইউনিয়ণ পরিষদের বিভিন্ন ওয়ার্ডের সাধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্যরা উপস্থিত উপস্থিত ছিলেন।

গাংনীর নওপাড়াতে দুই বউয়ের তেজের আগুনে পুড়লো স্বামীর

মোটরসাইকেল

দুই বউয়ের মানষিক অত্যাচারে জর্জরিত হয়ে নিজের মোটরসাইকেলে আগুন দিলেন ডেকোরেটর ব্যবসায়ী গোলাম মোস্তফা।

আজ মঙ্গলবার (২৮ জুন) বিকালে গাংনী-কাথুলি সড়কের নওপাড়া বাজারের উপর গোলাম মোস্তফার নিজের ব্যবহৃত একটি চাইনা ১০০ সিসির মোটরসাইকেলে আগুন লাগিয়ে পুড়িয়ে ফেলেন। এসময় তার গোলাম ডেকোরেটর দোকানটিতেও ব্যাপক ভাঙচুর করেন। স্থানীয়রা হাজারো চেষ্টা করেও তাকে নিবৃত করতে পারেনি বলে জানান ওই বাজারের ব্যবসায়ী রাসেল আহমেদ।

গোলাম মোস্তফার মা রেবেকা খাতুন জানান, গোলাম মোস্তফার প্রথম স্ত্রী আল্পনা খাতুন। তিন ছেলে নিয়ে সুখেই সংসার করছিলো। এক বছর আগে কাথুলি গ্রামের সোনালী খাতুনের সাথে পরোকীয়া করে দ্বিতীয় বিয়ে করে। আল্পনা খাতুন তার তিন ছেলে নিয়ে নওপাড়াতে শশুরের ভিটায় থাকে। আর দ্বিতীয় স্ত্রী সোনালী খাতুন থাকেন ভাটপাড়া আশ্রয়ন প্রকল্পের মধ্যে। গোলাম মোস্তফা দুই স্ত্রীর কাছেই থাকে।

গতকাল সোমবার (২৭ জুন) বিকালে দ্বিতীয় স্ত্রী সোনালী খাতুন তাকে কড়া নির্দেশ দেই এখন থেকে প্রথম স্ত্রীর ও ছেলেদের সাথে যোগাযোগ করতে পারবেনা গোলাম মোস্তফা। এনিয়ে তাদের স্বামী- স্ত্রীর মধ্যে লাগাতার ঝগড়া ঝাটি চলছিল। এখবরটি প্রথম স্ত্রী আল্পনা খাতুনের কাছে পৌছানো মাত্রই সে তার বড় ছেলে রাজন হোসেনকে সাথে নিয়ে ভাটপাড়া আশ্রয়ন প্রকল্পে এসে পৌছান। এক পর্যায়ে সতীনে সতীনে দফায় দফায় ঝগড়া ঝাটি হয়। স্বামী গোলাম মোস্তফা দুই স্ত্রীকে বারবার নিবৃত করার চেষ্টা করে। কোনো লাভ হয়নি তাতে। এক পর্যায়ে গোলাম মোস্তফা বাজারে গিয়ে প্রথমে তার নিজের দোকানে ব্যাপক ভাঙচুর চালায়। পরে তার ব্যবহৃত চাইনা আরকে মডেলের ১০০ সিসির একটি মোটরসাইকেল আগুন লাগিয়ে ভস্মিভূত করেন।

নওপাড়া বাজার কমিটির সভাপতি আবুল বাশার ও সাধারণ সম্পাদক আরাফাত হোসেন জানান, দুই স্ত্রীর অত্যাচারে দিশেহারা হয়ে পড়েছে গোলাম মোস্তফা। বাড়ির আগুনে অগ্নিগর্ভা হয়ে নিজের মোটরসাইকেলে আগুন ও দোকানে ব্যাপক ভাঙচুর করেছেন। স্থানীয় ব্যবসায়ীরা তাকে ঠেকানোর চেষ্টা করেছে। কিন্তু কোনো কাজ হয়নি।

গোলাম মোস্তফার প্রথম স্ত্রী আল্পনা খাতুন বলেন, আমার ছেলে বড়

হয়ে গেছে। প্রায় সময়ই তিনটি ছেলে তার বাবার খোঁজ করে থাকে। তারা বাবার আদর ভালবাসা পেতে চাই। আমি তাকে নিজের সন্তানের দিকটাও দেখতে বলি। কিন্তু সতীন সোনালী গোলাম মোস্তফাকে আমাদের কাছে আসতে দেবেনা। সে আমাদের কাছে যাওয়ায় বিভিন্ন ভাবে অত্যাচার করেছে দু্ই দিন ধরে।

এদিকে গোলাম মোস্তফার দ্বিতীয় স্ত্রী সোনালী খাতুন বলেন, আমাকে প্রেমের ফাঁদে ফাঁসিয়ে বিয়ে করেছে। আমাকে সময় দেবে না তো বিয়ে করেছে কেনো। অভিযোগ করেন, আমাকে আশ্রয়নে রেখে সে তার প্রথম স্ত্রীর কাছে বেশীই থাকেন। তাকে আমার কাছে সময় দেওয়ার জন্যই বলেছি। এনিয়ে আমার সাথে তার গন্ডগোল শুরু হয়েছে।

গোলাম মোস্তফার ছেলে রজন বলেন, আমার বাবা প্রায় দিনেই আমার ছোট আম্মার কাছেই থাকেন। আমরা এখন বড় হয়ে গেছি। আমাদেরও তো সখ জাগে বাবার আদর পেতে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)আব্দুর রাজ্জাক বলেন, গাড়ি পোড়ানোর ব্যাপারে কেউ অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রশ্ন থাকে। যেহেতু কেউ বাদী হয়নি। যে কারণে কোনো আইনগত ব্যবস্থা নেওয়ার কোনো বিধান নেই। এছাড়া এখানে রাষ্ট্রের কোনো ক্ষতি হয়নি বিষয়টিতে।

কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মদিন পালন

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্ম জয়ন্তী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১১টায় নজরুল একাডেমির আয়োজন কবি নজরুল শিক্ষা মঞ্জিলে এই আয়োজন করা হয়।

মেহেরপুর মহিলা কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড.গাজী রহমান এর সভাপতিত্বে এবং কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারি প্রধান শিক্ষক

এনামুল হকের উপস্থাপনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, অবসরপ্রাপ্ত হিসাব রক্ষক কর্মকর্তা মাহমুদুল হক, তসলিমা রহমান, মোঃ এনামুল হক, আনিসুর রহমান, নাসির উদ্দিন উপস্থিত ছিলেন।

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্ম জয়ন্তী উপলক্ষে সঙ্গীত প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে তৌফিক আহমেদ, দ্বিতীয় স্থান অধিকার করেছেন নীলা এবং তৃতীয় স্থান অধিকার করেছে লাখী।

আবৃত্তি প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে তৌফিক আহমেদ, দ্বিতীয় স্থান অধিকার করেছে মোছাঃ অনামিকা এবং তৃতীয় স্থান অধিকার করেছে জুলফিকার রহমান।

কবিতা প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছেন রিমি, দ্বিতীয় স্থান অধিকার করেছে সুহিনা এবং তৃতীয় স্থান অধিকার করেছে মৃত্তিকা।

এসময় কবি নজরুল শিক্ষা মঞ্জিলের ছাত্রছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন

মেহেরপুরের সিআইডি এসপিসহ ৮ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে আবারো শুরু হয়েছে করোনার প্রকোপ। মেহেরপুরের সিআইডি’র পুলিশ সুপার মামনুল আনসারীসহ ৮ জন আক্রান্ত হয়েছেন।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডাক্তার জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার এ তথ্য নিশ্চিত করেছেন।

গত তিন দিনে হাসপাতালে স্থাপিত এন্টিজেন ল্যাবে ২৬ জনের নমুনা টেষ্ট করা হয়েছে। এদের মধ্যে ৮ জনের করোনা সনাক্ত হয়েছে।

গত ২৬ থেকে ২৮ জুন পর্যন্ত ২৬ টি নমুনা পরীক্ষা করা হয়। এদের

মধ্যে ৮ জনের করোনা সনাক্ত করা হয়। প্রথম দিনে ২ জন, দ্বিতীয় দিনে ৩ জন ও তৃতীয় দিনে ৩ জনের করোনা সনাক্ত হয়েছে।

করোনা আক্রান্তদের মধ্যে সিআইডির মেহেরপুর এসপি মামনুল আনসারী চিকিৎসকের পরামর্শে নিজ বাসাতে চিকিৎসা নিচ্ছেন। অন্যান্য আক্রান্তদের মধ্যে ৪ জন মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এদের মধ্যে গাংনী উপজেলার তেরাইল গ্রামের অন্তসত্তা মোহনা আক্তার মিম(২২, কাথুলি গ্রামের আইয়ূব আলী (৮৫) রয়েছেন ইন্টেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউতে)।

সদর উপজেলা রাজনগর গ্রামের আয়জদ্দিন (৬০) ও মেহেরপুর শহরের ফৌজদারীপাড়া এলাকার হাসিনা বানু (৬৫) হাই ডিপেন্ডেসি ইউনিট (এইচডিইউতে) চিকিৎসাধীন রয়েছেন।সিআইডির এসপিসহ বাকী চার জন ডাক্তারের তত্বাবধানে বাড়িতেই চিকিৎসা নিচ্ছেন।

হাসপাতালে চিকিৎসাধীন ৪ জনই সুস্থ্য রয়েছেন, এবং তাদের নিবীড় চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে বলে জানান হাসপাতালের তত্বাবধায়ক ডাক্তার জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার।

গাংনীতে বাবা মায়ের উপর অভিমান করে যুবকের আত্মহত্যার চেষ্টা

বাবা মায়ের উপর অভিমান করে মো: সবুজ নামের এক যুবক ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন। সবুজ গাংনী উপজেলার গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের শেখ আব্দুল কালামের ছেলে।

আজ মঙ্গলবার (২৮ জুন) সকাল সাড়ে ৯ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের আকুবপুর থেকে গাংনী বাসস্ট্যান্ড পর্যন্ত আসার সময় কোনো এক সময়ে সে বাসের মধ্যেই অজ্ঞান হয়ে পড়েন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী বাসস্ট্যান্ডের স্ট্যাটার সবুজ আহম্মেদ বলেন, কুষ্টিয়া থেকে ছেড়ে আসা একটি যাত্রীবাহি লোকাল বাসে করে সবুজ মেহেরপুর পাসপোর্ট অফিসে যাচ্ছিলেন। আগেই

ঘুমের বড়ি খেয়েছিল সবুজ।

যে কারণে, সে অজ্ঞান হয়ে পড়েছিল। তবে সবুজের পকেটের মানিব্যাগে সাড়ে ৪ হাজার টাকা ছিল বলে জানান তার বোন। মানব্যাগটি তার পকেটে পাওয়া যায়নি। খবর পেয়ে পরিবারের লোকজন এসে তাকে বাড়ি নিয়ে গেছে।

বাবা মায়ের সাথে অভিমান করে ৩/৪ আগে বাড়ি থেকে বের হয়ে যায়। আজ সকালেই সবুজ একই গ্রামে তার মামার বাড়ি ফিরেছিল। সেখান থেকে সাড়ে ৪ হাজার টাকা নিয়ে পাসপোর্ট করার জন্য মেহেরপুর পাসপোর্ট অফিসে যাচ্ছিলেন।

মুজিবনগরে নাটক মীর জাফরের পদধ্বনি মঞ্চায়িত

মুজিব জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বাংলাদেশের ৩৫০টি নাট্যদলের পরিবেশনায় মুজিবনগরে নাটক মীর জাফরের পদধ্বনি মঞ্চায়িত হয়েছে।

সোমবার রাত সাড়ে ৮টার সময় বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ও মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর ব্যবস্থাপনায় এবং মেহেরপুর নটরাজ গ্রুপ থিয়েটারের প্রযোজনা ও পরিবেশনায় দারিয়াপুর লিচুতলা চত্বরে এই নাটকের আয়োজন করা হয়।

লিয়াকত আলী লাকির ভাবনা ও পরিকল্পনায় জাহিদ হাসান রাজিবের নির্দেশনায় এবং আবুল কাশেম মাষ্টারের রচয়িত নাটক মীর জাফরের পদধ্বনি মঞ্চায়িত হয়।

মুজিবনগর শিল্পকলা একাডেমীর সভাপতি ও মুজিবনগর নির্বাহী অফিসার সুজন সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নাটক মঞ্চায়নের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত থেকে নাটকটি উপভোগ করেন ডিডিএলজি মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর

জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, শাশ্বত নিপ্পনসহ দর্শকবৃন্দরা।

গাংনীর ছাত্রীরা পেলেন প্রশিক্ষণ,স্যানেটারি ন্যাপকিন ও শিক্ষা উপকরণ

কৈশোর বা বয়:সন্ধিকালীন পরিচিতি, বয়ঃসন্ধিকালীন শারীরিক ও মানষিক পরিবর্তন এবং শারীরিক পরিবর্তনের ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ পেয়েছে গাংনীর এমএইচএ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা। প্রশিক্ষণ শেষে বিদ্যালয়ের ১০০ জন শিক্ষার্থীকে প্রদান করা হয়েছে স্যানেটারি ন্যাপকিন ও শিক্ষা উপকরণ।

সোমবার সকাল ১১টার সময় এমএইচএ (মহাম্মপুর) মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সম্মেলন কক্ষে একদিনের প্রশিক্ষণ শেষে অনুষ্ঠানিকভাবে এ উপকরণ বিতরণ করা হয়।

বাংলাদেশ পল্লী উন্নয়ন অধিদপ্তরের দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় এর আওতায় গাংনী উপজেলার এমএইচএ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কিশোরী সংঘের ১০০ জন ছাত্রী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ, স্যানেটারী ন্যাপকিন ও শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রানী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সোহেল আহম্মেদ ও গাংনী ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম।

এমএইচএ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক মফিজুর রহমান খাঁনের সঞ্চালনায়- অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন,

উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো) প্রকল্পের সাব্বির আহমেদ ও গাংনী উপজেলা প্রেসক্লাবের সহ-সভাপতি মানবজমিন পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি সাহাজুল সাজু প্রমুখ।